



নম্বর ০৫.০০.০০০০.২০০.২৫.০০১.১৯.৮৩

তারিখ: ২৯ ফাল্গুন ১৪২৭

১৪ মার্চ ২০২১

বিজ্ঞপ্তি

বিষয়: '৯৮তম সিনিয়র স্টাফ কোর্স (এসএসসি)'- এ অংশগ্রহণে আগ্রহী কর্মকর্তাগণের নিকট থেকে আবেদনপত্র আহ্বান।

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকায় আগামী ১৮/০৪/২০২১ হতে ০১/০৬/২০২১ তারিখ পর্যন্ত ৪৫ দিন মেয়াদে জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন সরকারের যুগ্মসচিব ও সমপর্যায়ের ৩য় গ্রেডভুক্ত বিসিএস ক্যাডার কর্মকর্তাগণের জন্য ৯৮তম সিনিয়র স্টাফ কোর্স (এসএসসি) পরিচালিত হবে। উক্ত কোর্সে অংশগ্রহণে আগ্রহী কর্মকর্তাগণকে সংযুক্ত আবেদনপত্র ছক (আবেদন ছক) পূরণপূর্বক আগামী ২৫/০৩/২০২১ তারিখ (বৃহস্পতিবার) বিকাল ৫.০০ টার মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ-১ শাখায় (সফট কপি it1@mopa.gov.bd-ইমেইল ঠিকানায়) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শর্তাবলি:

(ক) স্বাস্থ্য বিধি মেনে সামাজিক দূরত্ব বজায় রেখে বিপিএটিসি কর্তৃক কোর্সটি পরিচালিত হবে;

(খ) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) এর অনুকূলে সংশ্লিষ্ট প্রশিক্ষণ খাতে বরাদ্দকৃত অর্থ হতে মনোনীত কর্মকর্তাগণের কোর্স ফি এবং এ প্রশিক্ষণ বাবদ অন্যান্য ব্যয় নির্বাহ করা হবে;

(গ) কোর্স শুরুর তারিখে অনূর্ধ্ব ৫৬ বছর বয়সী কর্মকর্তাগণ কোর্সে অংশগ্রহণের জন্য আবেদন করতে পারবেন;

(ঘ) আবেদনপত্র ছকের নির্ধারিত স্থানে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন/সুপারিশ অবশ্যই থাকতে হবে। চূড়ান্ত মনোনয়নের পর কোনক্রমেই কোর্স হতে অব্যাহতির আবেদন গ্রহণযোগ্য হবে না;

(ঙ) নির্ধারিত ছকে আবেদনপত্র প্রাপ্তির পর চূড়ান্ত মনোনয়নের তালিকা জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশ করা হবে।

সংযুক্তি: আবেদন ছক।

১৪-৩-২০২১

মোঃ আবদুর রউফ মিয়া  
উপসচিব

ফোন: ৯৫১৫৫২৫  
ইমেইল: it1@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব/সচিব (সকল), ..... (অধীনস্থ সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিত করার জন্য নির্দেশক্রমে সিনিয়র অনুরোধ করা হলো)
- ২) অতিরিক্ত সচিব (এপিডি/সিপিটি/প্রশাসন/বিধি/সওব্য/আইন/শৃঙ্খলা ও তদন্ত/সংস্কার ও গবেষণা), জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৩) যুগ্মসচিব, অভ্যন্তরীণ এবং বিদেশ প্রশিক্ষণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৪) পরিচালক, পিপিআর অনুবিভাগ, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিগিএটিসি)
- ৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬) সিনিয়র সিস্টেমস্ এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৭) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৯৮তম সিনিয়র স্টাফ কোর্স (এসএসসি)-এ আবেদনের জন্য নির্ধারিত ছক

১.	কর্মকর্তার নাম:	
	(ক) বাংলায়	:
	(খ) ইংরেজিতে (বড় অক্ষরে)	:
২.	পরিচিতি নম্বর	:
৩.	বিসিএস ক্যাডারের নাম ও ব্যাচ	:
৪.	বেতন গ্রেড:	:
৫.	পদবি ও কর্মস্থল	:
৬.	জন্ম তারিখ	:
৭.	কোর্স শুরুর তারিখে বয়স	:
৮.	মোবাইল ও টেলিফোন নম্বর	:
৯.	ই-মেইল	:

আবেদনকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল

আবেদনকারী কর্মকর্তাকে উল্লিখিত কোর্সে  
মনোনয়ন প্রদানের সুপারিশ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল